

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ১৬৩২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬২৪]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ২৯০ : বেগানা নারী এবং কোনো সুদর্শন বালকের দিকে শরয়ী প্রয়োজন ছাড়া তাকানো হারাম

(290) بَابُ تَحْرِيمِ النَّظْرِ إِلَى الْمَرْأَةِ الْأَجْنَبِيَّةِ وَالْأَمْرَدِ الْحَسَنِ لِغَيْرِ حَاجَةٍ شَرْعِيَّةٍ

আরবী

وَعَنْ أَبِي طَلْحَةَ زَيْدِ بْنِ سَهْلٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: كُنَّا قُعُودًا بِالْأَفْنِيَةِ نَتَحَدَّثُ فِيهَا فَجَاءَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَامَ عَلَيْنَا، فَقَالَ: «مَا لَكُمْ وَلِمَجَالِسِ الصُّعَدَاتِ؟ اجْتَنِبُوا مَجَالِسَ الصُّعَدَاتِ» فَقُلْنَا: «إِنَّمَا قَعَدْنَا لِغَيْرِ مَا بَأْسٍ، قَعَدْنَا نَتَذَكَّرُ، وَنَتَحَدَّثُ. قَالَ: «إِمَّا لَا فَأَدُّوا حَقَّهَا: غَضُّ الْبَصَرِ، وَرَدُّ السَّلَامِ، وَحُسْنُ الْكَلَامِ». رواه مسلم

বাংলা

৩/১৬৩২। আবু ত্বালহা য়ায়েদ ইবনে সাহল রাদিয়াল্লাহু আনহু কর্তৃক বর্ণিত, তিনি বলেন, একদা আমরা ঘরের বাইরে অবস্থিত প্রাঙ্গণে বসে কথাবার্তায় রত ছিলাম। ইত্যবসরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম [সেখানে] এসে আমাদের নিকট দাঁড়িয়ে বললেন, "তোমরা রাস্তায় বৈঠক করছ? তোমরা রাস্তায় বসা থেকে বিরত থাক।" আমরা নিবেদন করলাম, 'আমরা তো এখানে এমন উদ্দেশ্যে বসেছি, যাতে [শরীয়তের দৃষ্টিতে] কোন আপত্তি নেই। আমরা এখানে নিজেদের মধ্যে আলাপ-আলোচনা করা ও কথাবার্তা বলার জন্য বসেছি।' তিনি বললেন, "যদি রাস্তায় বসা ত্যাগ না কর, তাহলে তার হক আদায় কর। আর তা হল, দৃষ্টি সংযত রাখা, সালামের উত্তর দেওয়া এবং সুন্দরভাবে কথাবার্তা বলা।" (মুসলিম) [1]

English

(290) Chapter: Prohibition of gazing at women and Beardless Handsome Boys except in Exigency

Abu Talhah Zaid bin Sahl (May Allah be pleased with him) said: We were sitting and talking on a platform in front of our house when the Messenger of Allah (ﷺ) stopped by us and said, "Why do you sit on roads? Avoid sitting in them." We replied: "We sit there intending no harm. We only sit and discuss (religious) knowledge and talk." He said, "If you have to sit, you should fulfill the rights of the road: Lower your gaze, respond to greetings and talk in a good manner."

[Muslim].

Commentary: This Hadith also tells us that we should avoid sitting over passages which are used by the public. If at all one has to use them, then one must observe the Islamic etiquette mentioned in the Hadith.

ফুটনোট

[1] মুসলিম ২১৬১, আহমাদ ১৫৯৩২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু ত্বলহা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=29314>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন